



ধানমন্ডি ৩২ নম্বর ঘটনার মামলায় জামিনে মুক্ত রিকশাচালক আজিজুর রহমান



সংগৃহীত ছবি তুলতে

ধানমন্ডি ৩২ নম্বরে ফুল দিতে গিয়ে গণপিটুনির পর গ্রেফতার হওয়া রিকশাচালক মো. আজিজুর রহমান অবশেষে জামিন পেয়েছেন। আদালত শুনানি শেষে জামিন মঞ্জুর করেন। অন্য কোনো মামলা না থাকায় তার মুক্তিতে আর কোনো বাধা নেই।

রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে শত্কা জানাতে ফুল দিতে গিয়ে গণপিটুনির শিকার হওয়া এবং পরবর্তীতে গ্রেফতার হওয়া রিকশাচালক মো. আজিজুর রহমান আদালত থেকে জামিন পেয়েছেন। জুলাই আন্দোলনের এক হত্যাচেষ্টা মামলায় তিনি কারাগারে ছিলেন।

রবিবার (১৭ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এমএ আজহারুল ইসলাম শুনানি শেষে জামিন মঞ্জুর করেন।

এদিন আসামিপক্ষে আইনজীবী ফারজানা ইয়াসমিন রাথী জামিনের আবেদন করেন। রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করলেও আদালত উভয় পক্ষের যুক্তি শোনার পর তার জামিন মঞ্জুর করেন।

এর আগে ১৫ আগস্ট ধানমন্ডির ৩২ নম্বরে শত্কা জানাতে ফুল দিতে গেলে গণপিটুনির শিকার হন আজিজুর রহমান। পরে পুলিশ তাকে ঘটনাস্থল থেকে গ্রেফতার করে।